

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রধান কার্যালয়  
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বিভাগীয় কর্মকর্তাদের সাথে অক্টোবর ২০১৯ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ  
মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।  
তারিখ ও সময় : ৩১ অক্টোবর ২০১৯, সকাল ১০.৩০ ঘটিকা।  
সভার স্থান : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ (৩য় তলা)।  
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) জানান যে, ২২সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত বিগত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ইতোমধ্যে সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর সিদ্ধান্তক্রমিক ৭(গ) সংশোধন পূর্বক অন্যান্য প্রস্তাবে সম্মত থাকায় তা দৃঢ়করণ করা হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনাসহ আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়:

ক্র.	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	প্রধান কার্যালয়ের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন।	প্রত্যেক সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের মধ্যে যেগুলো প্রধান কার্যালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য সেগুলো প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা কর্তৃক মহাপরিচালক বরাবরে নথিতে পেশ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। প্রধান কার্যালয় সংশ্লিষ্ট কতটি সিদ্ধান্ত ছিল, তার মধ্যে কতটি নথিতে উপস্থাপিত হয়েছে, কতটি উপস্থাপিত হয়নি, না হলে তার কারণ উল্লেখ করা যেতে পারে।	প্রত্যেক সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের মধ্যে যেগুলো প্রধান কার্যালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য সেগুলো প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা কর্তৃক মহাপরিচালক বরাবরে নথিতে পেশ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। প্রধান কার্যালয় সংশ্লিষ্ট কতটি সিদ্ধান্ত ছিল, তার মধ্যে কতটি নথিতে উপস্থাপিত হয়েছে, কতটি উপস্থাপিত হয়নি, না হলে তার কারণ উল্লেখ করতে হবে।	পরিচালক (সকল) / অতিঃ পরিচালক (গোয়েন্দা) / উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা), সহকারী পরিচালক (সকল), প্রধান কার্যালয়, ঢাকা।
০২।	অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ।	ক) অধিদপ্তরের প্রত্যেক কর্মীকে জনপ্রতি ৬০ ঘন্টা প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণ মডিউল অনুযায়ী বিভাগ ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এপিএ, শুদ্ধাচার ও নৈতিকতা, ইনোভেশন এবং সরকারের নির্বাচনী ইশতেহার সম্পর্কে অবশ্যই প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্ত থাকতে হবে। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন মহাপরিচালক মহোদয়ের নির্দেশ মোতাবেক প্রশিক্ষণ মডিউল তৈরির জন্য RPATC হতে মডিউল সংগ্রহ করা	ক) অধিদপ্তরের প্রত্যেক কর্মীকে জনপ্রতি ৬০ ঘন্টা প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। খ) প্রশিক্ষণের চূড়ান্ত মডিউল আগামী ২৮/১১/২০১৯ তারিখের মধ্যে দাখিল করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) / অতিঃ পরিচালক(সকল) / সহকারী পরিচালক (বোর্ড)

ক্র:	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		হয়েছে। সে মোতাবেক প্রয়োজনীয়তার আলোকে চূড়ান্ত প্রশিক্ষণ মডিউল আগামী ২৮/১১/২০১৯ তারিখের মধ্যে প্রস্তুত করা যেতে পারে।		
০৩।	অধিদপ্তরের জমি সংক্রান্ত	(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলীয় জমির ভূমি উন্নয়ন কর/পৌর কর নিয়মিত পরিশোধ ও মিউটেশন সম্পন্ন করতে হবে। কোনরূপ প্রতিবন্ধকতা না থাকা অবস্থায় কারো ভূমি উন্নয়ন কর অপরিশোধিত থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন। প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগণ তাঁর নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহের হালনাগাদ ভূমি উন্নয়ন কর/পৌরকর পরিশোধ সংক্রান্ত তথ্য এবং মিউটেশনকরণসহ যাবতীয় তথ্যের প্রতিবেদন প্রত্যেক মাসে সভা অনুষ্ঠানের পূর্বে প্রধান কার্যালয়ে সফটকপিসহ প্রেরণ করবেন।	(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দখলীয় জমির ভূমি উন্নয়ন কর/পৌর কর নিয়মিত পরিশোধ ও মিউটেশন সম্পন্ন করতে হবে। প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগণ তাঁর নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহের হালনাগাদ ভূমি উন্নয়ন কর/পৌরকর পরিশোধ সংক্রান্ত তথ্য এবং মিউটেশনকরণসহ যাবতীয় তথ্যের প্রতিবেদন প্রত্যেক মাসে সভা অনুষ্ঠানের পূর্বে প্রধান কার্যালয়ে সফটকপিসহ প্রেরণ করতে হবে।	পরিচালক প্রশাসন অতিঃপরিচালক (সকল) উপপরিচালক /জেলা কার্যালয়, মেইন কার্যালয় (সকল)।
		(খ) চট্টগ্রাম বিভাগের বেদখলকৃত জমির বিষয়ে মিউটেশনের লক্ষ্যে দায়েরকৃত মামলার তদারকি পূর্বক অগ্রগতি প্রতিবেদন আগামী ২০/১১/১৯ তারিখের মধ্যে প্রধান কার্যালয়কে অবহিত করাসহ মামলার জন্য অর্থ বরাদ্দ চাওয়া যেতে পারে।	(খ) চট্টগ্রাম বিভাগের বেদখলকৃত জমির বিষয়ে মিউটেশনের ও দায়েরকৃত মামলার অগ্রগতি প্রতিবেদন আগামী ২০/১১/১৯ তারিখের মধ্যে প্রধান কার্যালয়কে অবহিত করাসহ মামলার জন্য অর্থ বরাদ্দ চাইতে হবে।	অতিঃ পরিচালক (চট্টগ্রাম)/সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
		(গ) অধিদপ্তরের দখলীয় যে সকল জায়গায় সীমানা প্রাচীর নির্মাণ করা হয়নি সে সকল জায়গায় ইটের তৈরী সীমানা প্রাচীর নির্মাণ ও স্থাপনা সংস্কার করতে হবে। নওগাঁ জেলা কার্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণের জন্য ২.৫ একর জায়গায় প্রাক্কলন তৈরি করে প্রস্তাব প্রেরণ করার ক্ষেত্রে অতিরিক্ত পরিচালক, রাজশাহী বিষয়টি সরেজমিন দেখে প্রস্তাব প্রেরণ করতে পারেন।	(গ) অধিদপ্তরের দখলীয় যে সকল জায়গায় সীমানা প্রাচীর নির্মাণ ও স্থাপনা সংস্কার করতে হবে। নওগাঁ জেলা কার্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণের প্রাক্কলন তৈরি করে প্রস্তাব প্রেরণ করতে হবে।	অতিঃ পরিচালক /উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয় (সকল)/ সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) ;
		(ঘ) ঢাকা ওয়ার হাউজ এর পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন তৈরী সহ সেখানে অফিসার্স কোয়ার্টার নির্মাণের সম্ভাব্যতা নিয়ে পিডব্লিউডি এর সাথে বৈঠকের অগ্রগতি মহাপরিচালক মহোদয়কে অবগত করা প্রয়োজন।	(ঘ) ঢাকা ওয়ার হাউজ এর পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন তৈরী সহ অফিসার্স কোয়ার্টার নির্মাণের সম্ভাব্যতা নিয়ে পিডব্লিউডি এর সাথে বৈঠকের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।	অতিঃ পরিচালক, ঢাকা

ক্র.	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		(ঙ) যে সমস্ত জায়গায় পূর্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে ভূমি রেকর্ড ছিল কিন্তু পরে বাদ পড়েছে সেগুলোর জন্য রেকর্ড সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দেওয়ানী আদালতে মামলা করা যেতে পারে।	(ঙ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে পূর্বে ভূমি রেকর্ড ছিল কিন্তু পরে বাদ পড়েছে সেগুলোর জন্য রেকর্ড সংশোধনের ব্যবস্থা করে দেওয়ানী আদালতে মামলা করতে হবে।	অতিঃ পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)।
		(চ) কিশোরগঞ্জের জমির সর্বশেষ অবস্থা সম্পর্কে সহকারী পরিচালক কিশোরগঞ্জ প্রতিবেদন দিবেন।	(চ) কিশোরগঞ্জ এর সহকারী পরিচালক জমির সর্বশেষ অবস্থার প্রতিবেদন দিতে হবে।	অতিঃ পরিচালক, ঢাকা/ সহকারী পরিচালক, কিশোরগঞ্জ
		(ছ) লালমনিরহাট জেলা শহরস্থ সাপটানা মৌজায় জে এল নং ২৪, খতিয়ান নং ৪, দাগ নং ৩১০৪ এর বিষয়ে বিজ্ঞ দেওয়ানি আদালতের রায় নিয়ে জেলা প্রশাসকের সাথে আলোচনা ক্রমে অবৈধ দখলকারীকে উচ্ছেদ করে জমি দখলে আনতে হবে। সহকারী পরিচালক, লালমনিরহাট বিষয়টি তদারকি করবেন এবং প্রধান কার্যালয়ে অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করবেন।	(ছ) লালমনিরহাট জেলা শহরস্থ জমির বিজ্ঞ দেওয়ানি আদালতের রায় ও জেলা প্রশাসকের সাথে আলোচনা ক্রমে অবৈধ দখলকারীকে উচ্ছেদ করে জমি দখলে আনতে হবে। সহকারী পরিচালক, লালমনিরহাট, বিষয়টি তদারকি করে প্রধান কার্যালয়ে অগ্রগতির প্রতিবেদন দিতে হবে।	অতিঃ পরিচালক (সমন্বয়কারী), রংপুর/ সহকারী পরিচালক, লালমনিরহাট।
		(জ) খুলনা মহানগরীর টুটপাড়া মৌজার ১৪০ নং খানজাহান আলী রোডে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে সি.এস, এস.এ ও আর.এস রেকর্ডভুক্ত ১.৬৫ একর জমি রয়েছে। তন্মধ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দখলে ০.৪৫৪২ একর জমির বিষয়ে অত্র অধিদপ্তরের ১০/১২/২০১৭ তারিখের পত্রে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-কে অনুরোধ করা হয়েছে যে, জমির দখল জরুরী ভিত্তিতে ছেড়ে দেওয়া অথবা যদি দখল ছেড়ে দেয়া সম্ভব না হয় তবে এ জমির পরিবর্তে অন্যত্র মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে সমমূল্যের সমপরিমাণ জমি হস্তান্তর করার জন্য অত্র অধিদপ্তরের ০৪/০৪/২০১৮ তারিখের ১৮৪৩ সংখ্যক পত্রে আস্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে জমির বিষয়টি সুরাহা করার জন্য সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত বিষয়টি নিষ্পত্তির জন্য পুণরায় উদ্যোগ নিতে হবে।	(জ) খুলনা মহানগরীর টুটপাড়া মৌজার ১৪০ নং খানজাহান আলী রোডে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে সি.এস, এস.এ ও আর.এস রেকর্ডভুক্ত জমির সর্বশেষ অবস্থা আস্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে জমির বিষয়টি সুরাহা করার জন্য সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত বিষয়টি নিষ্পত্তির জন্য পুণরায় অনুরোধ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ অতিঃ পরিচালক, (খুলনা)।

১৪

ক্র:	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		(ঝ) চট্টগ্রামের সীতাকুন্ডের জমির উপর শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে বিধায় সমপরিমাণ জমি বুক ট্রাসফার এর মাধ্যমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে বুঝিয়ে দেয়ার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	(ঝ) চট্টগ্রামের সীতাকুন্ডের জমির উপর শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে বিধায় সমপরিমাণ জমি বুক ট্রাসফার এর মাধ্যমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে বুঝিয়ে দেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/অতিরিক্ত পরিচালক, চট্টগ্রাম।
		(ঞ) খুলনার রূপসায় অধিদপ্তরের বেদখলকৃত জমির বিষয়ে হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করবেন।	(ঞ) খুলনার রূপসায় অধিদপ্তরের বেদখলকৃত জমির বিষয়ে হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (প্রশাসন) অতিরিক্ত পরিচালক (খুলনা)।
		ট) অধিদপ্তরের পূর্তকাজ এলজিইডি এর মাধ্যমে করানোর জন্য এমওইউ স্বাক্ষর করে কাজ করা যায় কিনা তার সম্ভাব্যতা যাচাই করা যেতে পারে।	ঠ) অধিদপ্তরের পূর্তকাজ এলজিইডি এর মাধ্যমে এমওইউ স্বাক্ষর করে কাজ করা যায় কিনা তার সম্ভাব্যতা যাচাই করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পূর্নবাসন)/উপ-পরিচালক (ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন)।
		(ঠ) চট্টগ্রামের মতো কক্সবাজার ও ফরিদপুর জমির কার্যক্রমের জন্য একজন বেসরকারী উকিল নিয়োগ দিতে হবে। সরকারী জমি সংস্কার করে দখল রাখা এবং বিধি মোতাবেক কাজ করতে সকল ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	(ড) চট্টগ্রামের মতো কক্সবাজার ও ফরিদপুর জমির কার্যক্রমের জন্য একজন বেসরকারী উকিল নিয়োগ দিতে হবে।	অতিঃ পরিচালক (চট্টগ্রাম/ঢাকা)/উ-পরিচালক (চট্টগ্রাম)/ সহ:পরিচালক (ফরিদপুর)।
০৪।	মাদক মামলা /অভিযান সংক্রান্ত।	(ক) নিয়মিত মামলা দায়েরের প্রমাপ অর্জন হচ্ছে ন্যূনতম পারফরম্যান্স। এটি নিশ্চিত করতে হবে। প্রমাপ অর্জিত না হলে যুক্তিসংগত কারণ উল্লেখ করতে হবে। মোবাইল কোর্টে ইয়াবার মামলার উপর বেশী গুরুত্ব দেওয়া যেতে পারে।	(ক) নিয়মিত মামলা দায়েরের প্রমাপ অর্জনের মাধ্যমে ন্যূনতম পারফরম্যান্স নিশ্চিত করতে হবে।	পরিচালক (অপাঃ)/ অতিঃ পরিচালক (সকল)/ উপপরিচালক/ সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		(খ) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ করা প্রয়োজন। কতটি মামলায় আসামীকে রিমাণ্ডে নেয়ার আবেদন করা হয়েছে, কতটি মামলার আসামীর রিমাণ্ড মঞ্জুর হয়েছে, কতজন আসামী দোষ-স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে তা ছকে সন্নিবেশিত করে সংরক্ষণ করা যেতে পারে।	(খ) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ করতে হবে। কতটি মামলায় আসামীকে রিমাণ্ডে নেয়ার আবেদন করা হয়েছে, কতটি মামলার আসামীর রিমাণ্ড মঞ্জুর হয়েছে, কতজন আসামী দোষ-স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে তা ছকে সন্নিবেশিত করার লক্ষ্যে একটি ছক উপস্থাপন করতে হবে।	পরিচালক (অপাঃ)/ অতিঃ পরিচালক (সকল)।
		(গ) মানি লন্ডারিং ট্রেনিং গ্রহণকারীগণ আগামী মাস থেকে প্রত্যেক বিভাগে একটি করে মামলা করা যেতে পারে।	(গ) প্রতি মাসে প্রত্যেক বিভাগকে একটি করে মানি লন্ডারিং মামলা করতে হবে।	উপপরিচালক / সহঃ পরিচালক, জেলা/মেট্রো কার্যালয় (সকল)।

ক্র:	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		(গ) যে সকল মামলায় আসামী খালাস পেয়ে যায় সে সকল মামলাসমূহের মেরিট থাকলে রায়ের বিপক্ষে উচ্চ আদালতে আপীল করা যেতে পারে।	(গ) যে সকল মামলায় আসামী খালাস পেয়ে যায় সে সকল মামলাসমূহের মেরিট থাকলে রায়ের বিপক্ষে উচ্চ আদালতে আপীল করতে হবে।	পরিচালক (অপাঃ)/অতিঃ পরিচালক (সকল) উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল)।
		(ঘ) অতিরিক্ত পরিচালকগণ নিজ নেতৃত্বে ২/৩ জেলার জনবল নিয়ে কমপক্ষে ২টি জেলা/স্থানে বিশেষ অভিযান চালাতে হবে। যার ফলে মাদকের বিরুদ্ধে অভিযান দৃশ্যমান হয়।	(ঘ) অতিরিক্ত পরিচালকগণ নিজ নেতৃত্বে ২/৩ জেলার জনবল নিয়ে কমপক্ষে ২টি জেলা/স্থানে বিশেষ অভিযান করতে হবে।	পরিচালক (অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)
		(ঙ) অধিদপ্তরের পোষাক বিধিমালা অনুযায়ী পোষাক পরিধানের বিষয়টি নিশ্চিত করতে হবে। ব্যতয় ঘটলে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	(ঙ) পোষাক পরিধানের বিষয়টি বিধি মোতাবেক নিশ্চিত করতে হবে।	পরিচালক (অপাঃ)/অতিঃ পরিচালক (সকল) উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল)।
		(চ) প্রত্যেক বিভাগে মাসে কমপক্ষে একবার সকল বাহিনীর সমন্বয়ে বিশেষ অভিযান পরিচালনা করা প্রয়োজন।	(চ) প্রত্যেক বিভাগে মাসে কমপক্ষে একবার সকল বাহিনীর সমন্বয়ে বিশেষ অভিযান পরিচালনা করতে হবে।	পরিচালক (অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)।
		(ছ) মাদক ব্যবসায়ীদের তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। পাশাপাশি ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়ে সভা আহ্বান করা যেতে পারে।	(ছ) মাদক ব্যবসায়ীদের বিদ্যমান তালিকা হালনাগাদ করে ত্রৈমাসিক ভিত্তিতে সভা করতে হবে।	পরিচালক (অপাঃ)/ অতিঃ পরিচালক (সকল)।
		(জ) অধিদপ্তরের নিষ্পত্তিকৃত মামলা সমূহ বিভাগ ভিত্তিক মহাপরিচালক মহোদয় ৪টি বিভাগ এবং অতিরিক্ত মহাপরিচালক মহোদয় ৪টি বিভাগ হতে একটি করে মামলা মনিটরিং করবেন। সহ:পরিচালক (অপারেশন্স) /সহকারী পরিচালক (বোর্ড) সার্বিক সহযোগিতা করবেন।	(জ) অধিদপ্তরের নিষ্পত্তিকৃত মামলা সমূহ বিভাগ ভিত্তিক মহাপরিচালক মহোদয় ৪টি বিভাগ এবং অতিরিক্ত মহাপরিচালক মহোদয় ৪টি বিভাগ হতে একটি করে মামলা মনিটরিং করবেন।	সহ:পরিচালক (অপারেশন্স) /সহকারী পরিচালক (বোর্ড)।
		(ঝ) মামলার আলামতের পরিমাণের ভিত্তিতে উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে চার্জশীট দাখিলের আদেশ জারী করা যেতে পারে।	(ঝ) মামলার আলামতের পরিমাণের ভিত্তিতে উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে চার্জশীট দাখিলের আদেশ জারী করতে হবে।	পরিচালক (অপারেশন্স)।
০৫.	নিরোধ শিক্ষা কার্যক্রম।	ক) দেশব্যাপী মাদকের ক্ষতিকর ও ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সর্বাধিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখতে হবে। বিবেচ্য সময়ের তথ্য উল্লেখযোগ্য ছবি ক্যাপসনসহ জারীকৃত নির্দেশনা মতে বিভাগীয় কার্যালয় হতে সমন্বিত আকারে প্রতিবেদনসহ জেলার তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। যেসব	ক) দেশব্যাপী মাদকের ক্ষতিকর ও ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সর্বাধিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখতে হবে।	পরিচালক(নিরোধ শিক্ষা)/ অতিঃ পরিচালক (সকল) / উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয় (সকল)।

৯

ক্র:	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		বিভাগীয় কার্যালয় হতে সঠিকভাবে সমন্বিত তথ্য প্রতিবেদন আকারে প্রেরণ করা হয়না/ব্যর্থ সেসব বিভাগীয়/জেলা কর্মকর্তাগণকে বিদেশ সফরে মনোনয়ন দেয়া হবে না।		
		খ) গণসচেতনতামূলক কার্যক্রমের কোয়ালিটি নিশ্চিত করতে হবে। বড় বড় প্রোগ্রাম করতে হবে। বড় প্রোগ্রামে অংশগ্রহণকারী সিনিয়র অফিসারদের বক্তব্যের সারসংক্ষেপ এবং ক্যাপসনসহ প্রোগ্রামের ছবির প্রিন্টকপি ও সফটকপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। যেসব শিক্ষা প্রতিষ্ঠানে প্রোগ্রাম করা হয় সে সব শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা এবং প্রধানগণের ফোন/মোবাইল নম্বর প্রতিবেদনে উল্লেখ করা প্রয়োজন।	খ) গণসচেতনতামূলক কার্যক্রমের কোয়ালিটি নিশ্চিত করতে হবে। বড় বড় প্রোগ্রামে অংশগ্রহণকারী সিনিয়র অফিসারদের বক্তব্যের সারসংক্ষেপ এবং ক্যাপসনসহ প্রোগ্রামের ছবির প্রিন্টকপি ও সফটকপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিঃ পরিচালক (সকল)/উপপরিচালক/সহকারী পরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		গ) বিভিন্ন মাদকবিরোধী সভা/সেমিনারে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তার সাথে যোগাযোগ করে মাদকবিরোধী সভা/সেমিনারে যুব উন্নয়ন অধিদপ্তরের অংশ গ্রহণের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে। অনুষ্ঠানের ছবি মন্ত্রণালয় ও অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা যেতে পারে।	গ) বিভিন্ন মাদকবিরোধী সভা/সেমিনারে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তার সাথে যোগাযোগ করে মাদকবিরোধী সভা/সেমিনারে যুব উন্নয়ন অধিদপ্তরের অংশ গ্রহণের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিঃ পরিচালক (সকল)/ উপপরিচালক /সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		ঘ) জেলা ভিত্তিক গণসচেতনতার তথ্য ফেসবুক এবং অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে। অতিরিক্ত পরিচালকগণ বিষয়টি মাঠ পর্যায়ে নির্দেশনা দিবেন এবং নিশ্চিত করবেন। জেলা পর্যায় থেকে ছবি প্রাপ্তির বিষয়ে প্রধান কার্যালয়ে সিস্টেম এনালিস্ট এবং সহকারী পরিচালক (বোর্ড) মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন/মাসিক সভায় উপস্থাপন করবেন।	ঘ) জেলা ভিত্তিক গণসচেতনতার তথ্য ফেসবুক এবং অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে। অতিরিক্ত পরিচালকগণ বিষয়টি মাঠ পর্যায়ে নির্দেশনা দিবেন এবং তা নিশ্চিত করতে হবে।	সিস্টেম এনালিস্ট/ অতিঃ পরিচালক(সকল)/ সহঃ পরিচালক (বোর্ড), জেলা কার্যালয় (সকল)
০৬	চিকিৎসা ও পুনর্বাসন সংক্রান্ত।	(ক) ডিডি লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির পর দেখতে হবে তার লাইসেন্সের অনুকূলে বার্ষিক মঞ্জুরী কত ছিল আর উত্তোলন করেছেন কত। যদি মঞ্জুরী আর উত্তোলনের মধ্যে ব্যাপক ব্যবধান থাকে অর্থাৎ উত্তোলনের পরিমাণ অত্যধিক কম থাকে তাহলে নবায়নের সময় পরবর্তী	(ক) ডিডি লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির পর দেখতে হবে তার লাইসেন্সের অনুকূলে বার্ষিক মঞ্জুরী কত ছিল আর উত্তোলন করেছেন কত। যদি মঞ্জুরী আর উত্তোলনের মধ্যে ব্যাপক ব্যবধান থাকে অর্থাৎ উত্তোলনের পরিমাণ	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) /অতিরিক্ত পরিচালক(সকল)

ক্র:	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		বছরের মঞ্জুরী কমিয়ে দিতে হবে। সংশ্লিষ্ট অতিরিক্ত পরিচালকগণ চাহিদার যৌক্তিকতা নিরূপণ পূর্বক প্রস্তাব সুপারিশ করবেন।	অত্যধিক কম থাকে তাহলে নবায়নের সময় পরবর্তী বছরের মঞ্জুরী কমিয়ে দিতে হবে। সংশ্লিষ্ট অতিরিক্ত পরিচালকগণ চাহিদার যৌক্তিকতা নিরূপণ পূর্বক প্রস্তাব সুপারিশ করতে হবে।	
		(খ) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র পরিদর্শনের জন্য জারীকৃত অফিস আদেশ মোতাবেক পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবে।	(খ) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র পরিদর্শনের জন্য জারীকৃত অফিস আদেশ মোতাবেক পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) /অতিঃ পরিচালক (সকল)/ উপপরিচালক/ সহকারী পরিচালক /জেলা কার্যালয় (সকল)।
		(গ) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ যথাসময়ে নথিতে উপস্থাপন ও সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করবেন।	(গ) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ যথাসময়ে নথিতে উপস্থাপন ও সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)/অতিঃ পরিচালক(সকল)।
		(ঘ) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র হতে চিকিৎসা প্রাপ্ত রোগীদের প্রশিক্ষণের জন্য জেলা যুব ও ক্রীড়া অফিসে তালিকা প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাঠ পর্যায় থেকে যারা তালিকা পাঠাননি তারা অতি দ্রুত তালিকা প্রেরণ করবেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে নিয়ে আগামী ২৮/১১/২০১৯ তারিখের ১টি ওয়ার্কশপ আয়োজন করা যেতে পারে।	(ঘ) মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্র হতে চিকিৎসা প্রাপ্ত রোগীদের প্রশিক্ষণের জন্য জেলা যুব ও ক্রীড়া অফিসে তালিকা প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে নিয়ে আগামী ২৮/১১/২০১৯ তারিখের মধ্যে ১টি ওয়ার্কশপ এর আয়োজন করতে হবে।	পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)/অতিঃ পরিচালক(সকল)।
		(ঙ) বিভাগীয় পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে। চট্টগ্রামে কমপক্ষে ২৫ জন রোগী ভর্তি রাখতে হবে। সেক্ষেত্রে প্রধান কার্যালয় হতে ফোন করে হালনাগাদ তথ্য সংগ্রহ করা যেতে পারে। সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে বিনামূল্যে চিকিৎসা প্রদান করার কথা মূল সাইনবোর্ডে সংযুক্ত করা যেতে পারে।	(ঙ) বিভাগীয় পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে। সহকারী পরিচালক (চিপ) সরকারী নিরাময় কেন্দ্র সমূহে ফোন করে হালনাগাদ তথ্য সংগ্রহ করবেন। রোগীর সংখ্যা কমে গেলে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) কে জানাবেন। সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে বিনামূল্যে চিকিৎসা প্রদান করার কথা মূল সাইনবোর্ডে সংযুক্ত করতে হবে।	অতিঃ পরিচালক (সকল)/ পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)

১৪

ক্র:	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		(চ) প্রত্যেক কারাগারে মাদকাসক্ত আসামীদেরকে পৃথক ওয়ার্ড এ রাখার জন্য এবং ঐ ওয়ার্ডটিকেই মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হিসেবে ঘোষণা দেওয়ার উদ্যোগ নিতে হবে। নিজ নিজ বিভাগের কারা কর্তৃপক্ষের সাথে সংশ্লিষ্ট অতিরিক্ত পরিচালকগণ যোগাযোগ করবেন। যেসব বিভাগে সিদ্ধান্তটি বাস্তবায়ন করা যাচ্ছেনা সেসব বিভাগীয় কর্মকর্তাগণ লিখিতভাবে প্রধান কার্যালয়ে জানাবেন প্রধান কার্যালয় থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে কারা অধিদপ্তরে পত্র প্রেরণের করবে।	(চ) প্রত্যেক কারাগারে মাদকাসক্ত আসামীদেরকে পৃথক ওয়ার্ড এ রাখার জন্য এবং ঐ ওয়ার্ডটিকেই মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হিসেবে ঘোষণা দেওয়ার উদ্যোগ নিতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিঃ পরিচালক(সকল)।
০৭।	বিভাগীয় কর্মকর্তাদের অফিস পরিদর্শন	ক) প্রত্যেক বিভাগীয় কর্মকর্তা বাধ্যতামূলকভাবে মাসে ০২টি অফিস পূর্ণাঙ্গ পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডেস্ক অফিসার প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদনের মতামতের উপর সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে নথিতে উপস্থাপন করবেন। গৃহীত সিদ্ধান্ত প্রতিবেদন প্রেরণকারী কর্মকর্তাকে অবহিত করা যেতে পারে।	ক) প্রত্যেক বিভাগীয় কর্মকর্তা বাধ্যতামূলকভাবে মাসে ০২টি অফিস পূর্ণাঙ্গ পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	অতিঃ পরিচালক (সকল)/সহঃপরিচালক (কমন সার্ভিস)।
		খ) মাঠ পর্যায়ের প্রত্যেক অফিস প্রধানকে তাঁর নিজ কার্যালয় এবং তাঁর অধীনস্থ প্রত্যেকটি জেলা অফিস প্রতি ৩ (তিন) মাসে ১ (এক) বার পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রমাপ অনুযায়ী পরিদর্শন অব্যাহত রাখতে হবে।	খ) মাঠ পর্যায়ের প্রত্যেক অফিস প্রধানকে তাঁর নিজ কার্যালয় এবং তাঁর অধীনস্থ প্রত্যেকটি জেলা অফিস প্রতি ৩ (তিন) মাসে ১ (এক) বার পরিদর্শন করতে হবে।	অতিঃ পরিচালক (সকল)/উপপরিচালক সহকারী পরিচালক (সকল)।
০৮।	মুজিববর্ষ পালন সংক্রান্ত	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ মুজিববর্ষ উদযাপনের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। যথাযথ ভাবগাম্ভীর্য ও গুরুত্বের সাথে বাস্তবায়ন করা যেতে পারে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ মুজিববর্ষ উদযাপনে প্রণীত কর্মপরিকল্পনা মোতাবেক বাস্তবায়নে সকলকে তৎপর থাকতে হবে।	পরিচালক (সকল)/ অতিঃ পরিচালক (সকল)।।



ক্র.	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৯।	বিবিধ	ক) সার্বিক দক্ষতা ভিত্তিক প্রতিবেদন মাস ভিত্তিক তৈরী করবে অপারেশন শাখা। প্রতিমাসের কার্যক্রম মূল্যায়নের ভিত্তিতে অতি উত্তম উপপরিচালক, সহকারী পরিচালক, পরিদর্শক, এসআই, এএসআই, সিপাইদের নাম, ছবিসহ সাহসিকতার বিবরণ মাসিক বুলেটিনে প্রকাশ করতে হবে। প্রতিমাসের সভার শুরুতে পরিচালক (অপারেশন) ঘোষণা দিয়ে তথ্য সভাকে অবহিত করবেন।	ক) প্রতিমাসের কার্যক্রম মূল্যায়নের সার্বিক দক্ষতা ভিত্তিক প্রতিবেদন তৈরী করবে অপারেশন শাখা।	পরিচালক (অপাঃ/সিঃ) অতিঃ পরিচালক (সকল)।
		খ) ওয়েবসাইটে তথ্য মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ যাতে নিজেরাই এন্ট্রি দিতে পারেন সেভাবে সফটওয়্যার সংশোধন করতে হবে। কোন কোন জেলা মাঠ পর্যায়ের তথ্য আপলোড করেছে সে সংক্রান্ত তথ্য আগামী সভায় সিস্টেম এনালিস্ট উপস্থাপন করবেন। আপলোডের ভিত্তিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী জেলাসমূহকে পুরস্কৃত করা হবে। এবং আগামী সভায় আপলোডের ভিত্তিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী জেলা উপস্থাপন করবেন।	খ) ওয়েবসাইটে তথ্য মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ যাতে নিজেরাই এন্ট্রি দিতে পারেন সেভাবে মাঠ পর্যায়ে পরিদর্শন করে সফটওয়্যার সংশোধন করতে হবে। এবং আগামী সভায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী জেলা উপস্থাপন করতে হবে।	সিস্টেম এনালিস্ট/ অতিঃপরিচালক (সকল) উপপরিচালক /সহঃ পরিচালক, জেলা কার্যালয় (সকল)।
		গ) মাঠ পর্যায়ের ওয়েবসাইটে তথ্য আপগ্রেডের জন্য সিস্টেম এনালিস্ট /সহকারী প্রোগ্রামার জেলা ও বিভাগীয় কার্যালয়ে ভিজিট করবেন।	গ) মাঠ পর্যায়ের ওয়েবসাইটে তথ্য আপগ্রেডের জন্য সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার জেলা ও বিভাগীয় কার্যালয়ে ভিজিট করতে হবে।	সিস্টেম এনালিস্ট
		ঘ) ফেসবুক পেইজ এর পোস্টসমূহ আপলোড করার ক্ষেত্রে ইনবক্স করে নীতিমালা অনুসরণ পূর্বক কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রতিটি বিভাগের জন্য একজনকে ফোকাল পয়েন্ট নির্বাচন করতে হবে।	ঘ) ফেসবুক পেইজ এর পোস্টসমূহ আপলোড করার ক্ষেত্রে ইনবক্স করে নীতিমালা অনুসরণ পূর্বক কার্যক্রম সম্পন্ন করার নিমিত্তে ফোকাল পয়েন্ট নির্বাচন আগামী ১৫ দিনের মধ্যে চূড়ান্ত করতে হবে।	সিস্টেম এনালিস্ট/ সহকারী পরিচালক (বোর্ড)।
		ঙ) সরকারি ডোমেইনভুক্ত ইমেইল ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। সরকারী তথ্যের গোপনীয়তা ও সুরক্ষায় ডোমেইনভুক্ত ইমেইল ব্যবহার করা প্রয়োজন। অন্যথায় আদেশ অমান্যকারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	ঙ) সরকারি ডোমেইনভুক্ত ইমেইল ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। আগামী সভায় সিস্টেম এনালিস্ট কার্যালয় ভিত্তিক	পরিচালক(সকল)/ চিফ কনসালটেন্ট/অতিরিক্ত পরিচালক (সকল)/ উপপরিচালক (সকল)/ সহকারী পরিচালক (সকল)

ক্র:	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		আগামী সভায় সিস্টেম এনালিস্ট কার্যালয় ভিত্তিক ডোমেইনভুক্ত ইমেইল ব্যবহারের তথ্য উপস্থাপন করবেন।	ডোমেইনভুক্ত ইমেইল ব্যবহারের তথ্য উপস্থাপন করতে হবে।	
		(চ) পিরোজপুরের সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মো: এনায়েত হেসেনকে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে বরিশাল বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের সহকারী পরিচালকের দায়িত্ব প্রদান করা যেতে পারে।	(চ) পিরোজপুরের সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মো: এনায়েত হেসেনকে অতিরিক্ত হিসেবে বরিশাল বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের সহকারী পরিচালকের দায়িত্ব প্রদান করতে হবে।	পরিচালক (প্রশাসন)

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
(মোঃ জামাল উদ্দীন আহমেদ)  
মহাপরিচালক  
অগ্রহায়ন, ১৪২৬  
তারিখ: নভেম্বর, ২০১৯

নং ৫৮.০২.০০০০.০০৬.০৬.০০১.১৯-

- অনুলিপি সদয় অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
- ০১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)
  - ০২। পরিচালক (প্রশাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
  - ০৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।
  - ০৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ঢাকা।
  - ০৫। অতিঃপরিচালক/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা /বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর/ গোয়েন্দা, ঢাকা।
  - ০৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
  - ০৭। উপ-পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
  - ০৮। উপ-পরিচালক/সহকারী পরিচালক ( ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ মেট্রো উপ অঞ্চল/ জেলা কার্যালয়.....।
  - ০৯। নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
  - ১০। সহকারী পরিচালক (প্রশাসন/অপারেশন্স/বোর্ড/অর্থ ও হিসাব/ কমন সার্ভিস/নিরোধ শিক্ষা/গবেষণা ও প্রকাশনা/চিকিৎসা ও পুনর্বাসন/ গোয়েন্দা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
  - ১১। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
  - ১২। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
  - ১৩। মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
  - ১৪। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
  - ১৫। অফিস কপি/গার্ড ফাইল।

(মোহাঃ জিল্লুর রহমান)  
সহকারী পরিচালক (প্রশাসন)  
মোবাইল : +৮৮ ০১৪০৪০৭২০১৯  
ইমেইল: [adadmin@dnc.gov.bd](mailto:adadmin@dnc.gov.bd)